

Telephone conversation between Prime Minister Shri Narendra Modi and His Royal Highness Crown Prince Mohammed bin Salman bin Abdulaziz Al Saud of Saudi Arabia

March 10, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ও সৌদি আরবের যুবরাজ মোহাম্মেদ বিন সলমান বিন আব্দুলাজিজের মধ্যে টেলিফোনে কথা

মার্চ 10, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ সৌদি আরবের যুবরাজ মোহাম্মেদ বিন সলমান বিন আব্দুলাজিজের সংগে টেলিফোনে কথা বলেছেন।

উভয় নেতা ২০১৯ সালে যে দ্বিপাক্ষিক কৌশলগত অংশীদারিত্ব পরিষদ গঠিত হয়েছিল তার কার্যাবলীর পর্যালোচনা করেছেন। ভারত ও সৌদি আরবের মধ্যে সম্পর্কের ক্রমবর্ধমান উন্নতিতে তারা সন্তোষ প্রকাশ করেছেন। দুটি দেশের মধ্যে ব্যবসা বাণিজ্য ও বিনিয়োগ আরো বাড়ানোর বিষয়ে প্রধানমন্ত্রী তাঁর আগ্রহ প্রকাশ করেছেন। এই প্রসঙ্গে সৌদি বিনিয়োগকারীরা এ দেশের অর্থনীতি থেকে কি কি সুবিধা পাবেন সেই সব বিষয় নিয়েও আলোচনা করা হয়েছে।

উভয় নেতা কোভিড-১৯ মহামারীর বিরুদ্ধে লড়াইয়ে একে অন্যকে সাহায্য করা ভবিষ্যতেও বজায় রাখতে ঐক্যমত্যে পৌঁছেছেন। দুটি দেশের মধ্যে বিশেষ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও দুই দেশের মানুষদের মধ্যে যোগাযোগের উপর ভিত্তি করে এই সম্পর্ক গড়ে উঠেছে পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক উন্নয়নের বিভিন্ন বিষয়ের তারা আলোচনা করেছেন।

প্রধানমন্ত্রী যুবরাজকে যত দ্রুত সম্ভব ভারতে আসার আমন্ত্রণ জানিয়েছেন।

নিউ দিল্লি

মার্চ 10, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.